

# ইনোভেশন বুলেটিন
# ২০১৭-২০১৮

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

BDBL

**BANGLADESH DEVELOPMENT BANK LIMITED**

(A State-Owned Specialized Commercial Bank)

# বাণী



নাগরিক সেবায় উদ্ভাবন বলতে সেবা প্রদান প্রক্রিয়ায় এমন কোন পরিবর্তনের সূচনা করা যার ফলে সংশ্লিষ্ট সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকের আগের তুলনায় সময় ও খরচ হ্রাস পায় এবং দীর্ঘসুত্রিতা ও বিড়ম্বনার অবসান ঘটে।

উদ্ভাবনী উদ্যোগে সৃজনশীলতা প্রয়োজন। সৃজনশীল উদ্যোগের মাধ্যমেই একটি আর্থিক প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা, স্থিতিশীলতা ও দক্ষতা অর্জন সম্ভব। বর্তমান যুগ প্রযুক্তি নির্ভর যুগ। এ সময়ে যুগের সাথে তাল মেলাতে আর্থিক প্রতিষ্ঠানগুলাকে প্রযুক্তির উৎকর্ষ সাধনে আরও তৎপর হতে হবে। একই সাথে গ্রাহক সেবায় নতুনত্ব আনয়নে উদ্ভাবন চর্চা বাড়াতে হবে। উদ্ভাবনী ধারণাকে কাজে লাগিয়ে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোই একটি প্রতিষ্ঠানের লক্ষ্য হয়ে থাকে।

বিডিবিএল এর কর্মকর্তা কর্তৃক উদ্ভাবিত ৩টি ধারণা সম্বলিত বুলেটিন প্রকাশিত হবে জেনে আমি আনন্দিত। এ ধরণের পুস্তিকা প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই এবং প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক সাধুবাদ জানাই।

আমি এ প্রকাশনার সার্বিক সাফল্য কামনা করছি এবং প্রতি বছর নতুন নতুন উদ্ভাবনী ধারণা সম্বলিত এ ধরণের পুস্তিকা প্রকাশ অব্যাহত থাকবে বলে দৃঢ়ভাবে বিশ্বাস করি।

(মনজুর আহমদ)
ম্যানেজিং ডিরেক্টর

## সম্পাদক মন্ডলী

| | |
|---|---|
| সভাপতি | ইঞ্জি: মোঃ রিয়াজুল ইসলাম<br>এসিসট্যান্ট জেনারেল ম্যানেজার |
| সদস্য | জনাব মোহাম্মদ মনিরুজ্জামান মনির<br>প্রিন্সিপাল অফিসার |
| সদস্য-সচিব | জনাব মো: হাবিব উল্যা মিলন<br>প্রিন্সিপাল অফিসার |

## উদ্ভাবনী ধারণাসমূহ


**সূচিপত্র**


| ক্রমিক নং | ধারণার শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | BDBL Mobile Application | ১ |
| ২. | Automatic Bank Diagnosis System (BDS) | ৩ |
| ৩. | File Transfer System (FTS) | ৪ |

## উদ্ভাবনী ধারণা - ১: BDBL Mobile Application.

**প্রেক্ষাপটঃ** ব্যাংক হিসাব খোলা ও লেনদেন করার জন্য সেবাগ্রহীতাকে সশরীরে ব্যাংকে গিয়ে লাইনে দাঁড়িয়ে KYC ফরম পূরণপূর্বক অনেক ডকুমেন্টসহ জমা দিতে হয়। এছাড়া, তথ্য ঘাটতি ও প্রক্রিয়াগত দীঘসূত্রিতায় অনেক সময় হিসাব খোলা ও লেনদেন করার জন্য সেবা গ্রহীতাকে একাধিকবার ব্যাংকে যেতে হয়। এতে গ্রাহকের সময়, শ্রম ও অর্থের অপচয় হয়।

**১. শিরোনাম:** BDBL Mobile Application.
**২. সংক্ষিপ্ত পরিচিতিঃ** BDBL Mobile Application. - এর মাধ্যমে সেবা গ্রহীতা ব্যাংক হিসাব খোলা ও লেনদেনসহ সকল ধরণের জেনারেল ব্যাংকিং সম্পর্কিত সেবা যে কোন সময় যে কোন স্থান থেকে গ্রহণ করতে পারবে ।
**৩. উদ্দেশ্য:** ব্যাংক হিসাব খোলা ও লেনদেন ।
**৪. কর্মপদ্ধতি:** BDBL Mobile Application - এর মাধ্যমে সেবা গ্রহীতা নিম্নোক্তভাবে ব্যাংকিং সেবা গ্রহণ করতে পারবেঃ



**৫. উপকারিতা/ সুফল:** BDBL Mobile Application এর মাধ্যমে গ্রাহক নানাবিধ ব্যাংকিং সেবা যে কোন সময় যে কোন স্থান থেকে গ্রহণ করতে পারবে। এতে পূর্বের তুলনায় গ্রাহকের সময়, খরচ ও যাতায়াত (TCV) অনেক হ্রাস পাবে। যেমন-

| উপকারিতা/সুফল | | | | |
|---|---|---|---|---|
| সেবার নাম | বিবরণ | সময় | খরচ | যাতায়ত |
| জেনারেল ব্যাংকিং সম্পর্কিত সেবা | আইডিয়া বাস্তবায়নের আগে | ১ ঘন্টা | ১০০ টাকা | ১-২ বার |
| | আইডিয়া বাস্তবায়নের পরে | ১ মিনিট | ১ - ২ টাকা(ইন্টারনেট) | লাগবে না |
| | আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট | ৫৯ মিনিট | ৯৯ টাকা | লাগবে না |
| ইউটিলিটি বিল পেমেন্ট | আইডিয়া বাস্তবায়নের আগে | ২ ঘন্টা | ১৫০ টাকা | ১-২ বার |
| | আইডিয়া বাস্তবায়নের পরে | ১ মিনিট | ১ - ২ টাকা(ইন্টারনেট) | লাগবে না |
| | আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট | ১১৯মিনিট | ১৪৯ টাকা | লাগবে না |
| মোবাইল রিচার্জ | আইডিয়া বাস্তবায়নের আগে | ৩০ মিনিট | ২০ টাকা | ১-২ বার |
| | আইডিয়া বাস্তবায়নের পরে | ১ মিনিট | ১ - ২ টাকা(ইন্টারনেট) | লাগবে না |
| | আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট | ২৯ মিনিট | ১৯ টাকা | লাগবে না |

**৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:**

- বাস্তবায়ন ব্যয় প্রাথমিকভাবে আনুমানিক ১০ (দশ) লক্ষ টাকা (সফটওয়্যার, হার্ডওয়্যার ও অন্যান্য বাবদ)।
- পরিচালন ব্যয় বাৎসরিক প্রায় ১ (এক) লক্ষ টাকা (রক্ষণাবেক্ষণ ও অন্যান্য বাবদ)।

**৭. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ):** ২০১৭ – ২০১৮ অর্থবছর।

**৮. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে):** ২ (দুই) টাকা (ইন্টারনেট চার্জ)।

**৯. সম্প্রসারণ ও রেপ্লিকেশন (যদি থাকে):** সম্প্রসারণের সুযোগ রয়েছে। আইডিয়াটি সফলভাবে অত্র ব্যাংকে বাস্তবায়িত হলে পরবর্তীতে অন্যান্য ব্যাংক উক্ত মোবাইল এপ্লিকেশনটি রেপ্লিকেশন করতে পারবে।

**১০. সম্ভাব্য ঝুঁকি:** এটি সম্পূর্ণ secured একটি Application. এতে কোন ধরণের ঝুঁকি নেই।

**১১. বাস্তবায়িত ধারণার ফলাফল ( আগে কি ছিল, পরে কি হয়েছে) :** আইডিয়াটির বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে, যা শীঘ্রই সম্পন্ন করা হবে।

উদ্ভাবক : জনাব মো: হাবিব উল্যা মিলন, প্রিন্সিপাল অফিসার

BDBL

## উদ্ভাবনী ধারণা - ২: Automatic Bank Diagonosis System (BDS)

**প্রেক্ষাপটঃ** বিভিন্ন সময় বিভিন্ন ধরণের রিপোর্ট উপস্থাপন করার জন্য ব্রাঞ্চ ও জোনাল অফিস সমূহ হতে ম্যানুয়েল পদ্ধতিতে তথ্য এনে হেড অফিসের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করা হত, যা অত্যন্ত সময় সাপেক্ষ। এতে অনেক কাগজ, সময় ও অর্থের অপচয় হত এবং স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হত।

**১. ধারণার শিরোনাম:** Automatic Bank Diagonosis System (BDS).

**২. ধারণার পরিচিতি:** এ System টির মাধ্যমে ব্যাংকের প্রতিটি ব্রাঞ্চ, হেড অফিস তথা ব্যাংকের সার্বিক Performance মাসিক, ত্রৈমাসিক, অর্ধবাৎসরিক ও বাৎসরিক ভিত্তিতে at a glance দেখা যাবে এবং স্বয়ংক্রিয়ভাবে ভবিষ্যৎ কর্মপরিকল্পনার দিক-নির্দেশনা পাওয়া যাবে৷

**৩. উদ্দেশ্য:** ব্যাংক-কে অধিকতর লাভজনকভাবে পরিচালনা করার উদ্দেশ্যে বিভিন্ন সূচকের অবস্থান পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা৷

**৪. কর্মপদ্ধতি:** Bank Diagnosis System (BDS) টি C_. Net Framework 4.5; Visual Studio-2013 এবং SQL Server- 2012 এ Develop করা৷ এ System টি পরিচালনা করতে প্রতি মাসে মাত্র ২৫টি Variable/ indicator এর তথ্য প্রয়োজন হবে, যা CBS বা ব্যাংকের বর্তমান Database System থেকে automatic বা excel sheet এর মাধ্যমে BDS এর input part এ insert হবে। অতঃপর System এর output part বিভিন্নভাবে প্রাপ্ত তথ্যগুলোকে বিশ্লেষণ করে প্রায় ২০০ ধরণের বিভিন্ন তথ্য ও উপাত্তভিত্তিক বিশ্লেষণধর্মী রিপোর্ট প্রদান করবে। এই System টি সম্পূর্ণ Automatic এবং Online based. তবে যদি CBS বা Database System এ প্রয়োজনীয় তথ্য না পাওয়া যায় সেক্ষেত্রে manually input দেয়ারও ব্যবস্থা রয়েছে৷ সেক্ষেত্রেও Output part- এ সকল রিপোর্ট System টির মাধ্যমে automatic ভাবে generate হবে।

**৫. উপকারিতা/ সুফল:** এ System টির নানাবিধ সুফল রয়েছে৷ যেমন-

- এ System এর মাধ্যমে ব্যাংক ম্যানেজমেন্ট ব্যাংকের সকল ব্রাঞ্চ তথা ব্যাংকের সার্বিক Performance এর তথ্য ও বাস্তব অবস্থার বিশ্লেষণধর্মী অসংখ্য রিপোর্ট পাবে৷ এছাড়াও কোন ব্রাঞ্চের কোন indicator এ সমস্যা বা ঝুঁকি রয়েছে তা automatic জানতে পারবে৷ এমনকি এ সকল সমস্যা কিভাবে সমাধান করতে হবে তারও দিক নির্দেশনা System ই automatic বলে দিবে৷
- বর্তমানে ব্যাংক ম্যানেজমেন্ট বিভিন্ন তথ্যের জন্য বিভিন্ন ব্রাঞ্চ ও ডিপার্টমেন্টের উপর নির্ভরশীল। এছাড়াও তথ্য পাওয়া সময়সাপেক্ষ। কিন্তু এই System এ ব্যাংকের Performance Based সকল তথ্য স্বল্প সময়ে ও খুব সহজেই একই Platform এ পাওয়া যাবে। ফলে ব্যাংক ম্যানেজমেন্ট যে কোন বিষয় তাৎক্ষণিক জানতে পারবে ও সে অনুযায়ী পদক্ষেপ নিতে পারবে।
- এ System টির সবচেয়ে বড় সুফল হল Green Banking বাস্তবায়ন৷ System টি বাস্তবায়িত হলে ব্যাংকের বিভিন্ন Paper Statement কমে যাবে৷ ফলে Paper, Printing এবং Postage খরচ অনেক হ্রাস পাবে; যা ব্যাংকের Profit maximization & Green Banking নিশ্চিত করবে।
- ব্যাংক ম্যানেজমেন্ট যে কোন সময় যে কোন স্থানে থেকে Mobile Phone/ I Pad/ Tab/ Laptop etc. এর মাধ্যমে ব্যাংকের সামগ্রিক Performance তথা Present Situation সম্পর্কে জানতে পারবে৷ ব্যাংক ম্যানেজমেন্ট out of work station এ থাকলেও যে কোন সমস্যায় তাৎক্ষণিক দিক নির্দেশনা দিতে পারবে। ফলে ব্যাংকের সামগ্রিক Performance আরও উন্নতি লাভ করবে এবং সকল কার্যক্রমে ব্যাপক গতিশীলতা আসবে যা ব্যাংকের Profit maximization নিশ্চিত করবে।

**৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:** বাস্তবায়িত। বাস্তবায়নে আনুমানিক ২.০০ (দুই) লক্ষ টাকা ব্যয় হয়েছে। পরিচালন ব্যয় বাৎসরিক প্রায় ৫০.০০ (পঞ্চাশ) হাজার টাকা।

**৭. বাস্তবায়ন সময়কাল :** ২০১৬ – ২০১৭ অর্থ বছর।
**৮. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে):** প্রযোজ্য নয়।
**৯. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে):** সম্প্রসারণের সুযোগ রয়েছে। যেমন

- এ System এর মাধ্যমে বাংলাদেশের সকল Commercial ব্যাংকের কার্যক্রম অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক মাসিক, ত্রৈমাসিক, অর্ধবাৎসরিক ও বাৎসরিক ভিত্তিতে একই Platform এ সমন্বিতভাবে Online এ পর্যবেক্ষণ ও তাৎক্ষণিক দিক নির্দেশনা দিতে পারবে৷

**১০. সম্ভাব্য ঝুঁকি:** এটি সম্পূর্ণ secured একটি system. কোন ধরনের ঝুঁকি নেই।
**১১. বিবিধ:** ভবিষ্যতে ব্যাংকের সকল সেবা Online এর মাধ্যমে উক্ত System এর সাথে Link করে একই Platform - এ নিয়ে আসার পরিকল্পনা রয়েছে। এর ফলে গ্রাহকগণ Online এর মাধ্যমে ব্যাংকের সকল সেবা Intelligence One- Stop-Service এর মাধ্যমে জানতে ও গ্রহণ করতে পারবে।

উদ্ভাবক : জনাব মো: হাবিব উল্যা মিলন, প্রিন্সিপাল অফিসার

## উদ্ভাবনী ধারণা - ৩: File Transfer System (FTS)

**প্রেক্ষাপটঃ** ম্যানুয়েল পদ্ধতিতে চিঠি পত্র, নথি এবং তথ্য উপাত্ত আদান-প্রদানে অনেক কাগজ, সময় ও অর্থের প্রয়োজন হত। এতে স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হত।

**১. ধারণার শিরোনাম:** File Transfer System (FTS).

**২. ধারণার পরিচিতি:** এ System টিতে ইন্টারনেট ব্যবহার ছাড়াই ডাটা কানেকটিভিটির মাধ্যমে WAN/LAN ব্যবহার করে অতি সহজে ব্যাংকের হেড অফিস, ব্যাংকের অন্যান্য কার্যালয়/ ডিপার্টমেন্ট ও সকল ব্রাঞ্চের মধ্যে পারস্পরিক যাবতীয় তথ্যাদির ফাইল আদান-প্রদান করা যাবে৷

**৩. উদ্দেশ্য:** গ্রীন ব্যাংকিং বাস্তবায়নকল্পে ব্যাংকের যাবতীয় তথ্যাদির ফাইল সহজে দ্রুত আদান- প্রদান এর মাধ্যমে ব্যাংকের কাজ সহজে সম্পন্ন করা যাবে।

**৪. কর্মপদ্ধতি:** ব্যাংকের বিভিন্ন ব্রাঞ্চ/ ডিপার্টমেন্ট/ ডিভিশন তাদের স্ব-স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ডের মাধ্যমে ওয়েব ব্রাউজারের সাহায্যে FTS এপ্লিকেশনে প্রবেশ করে ডাউনলোড বাটনে ক্লিক করে ব্রাঞ্চ থেকে আগত ফাইল (মাইক্রোসফট ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট, এক্সেল ইত্যাদি) ডাউনলোড করতে পারবে৷ কোন ব্রাঞ্চে ফাইল পাঠাতে হলে আপলোড বাটনে ক্লিক পরবর্তীতে আপলোড স্ক্রীনে প্রবেশ করে সংশ্লিষ্ট ফাইল ব্রাউজপূর্বক যে সকল ব্রাঞ্চে পাঠাতে হবে তা সিলেক্ট করে সেন্ড বাটনে ক্লিক করে প্রেরণ করতে হবে৷

**৫. উপকারিতা/ সুফল:** মফস্বল এলাকায় অবস্থিত ব্যাংকের ব্রাঞ্চ থেকে দ্রুত তথ্য সংগ্রহ করা এবং সেখানে তথ্য প্রেরণ করা৷ কাগজের ব্যবহার কম হওয়ায় গ্রীন ব্যাংকিং এ সহায়তা করা৷ ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণে সময়ের অপচয় না হওয়া৷

**৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:** বাস্তবায়িত। বাস্তবায়নে আনুমানিক ১.০০ (এক) লক্ষ টাকা ব্যয় হয়েছে। পরিচালন ব্যয় বাৎসরিক প্রায় ৫০.০০ (পঞ্চাশ) হাজার টাকা।

**৭. বাস্তবায়ন সময়কাল :** ২০১৬ – ২০১৭ অর্থ বছর।

**৮. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে):** নাই ।

**৯. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে):** ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান ছাড়াও যে কোন প্রতিষ্ঠান তাদের অভ্যন্তরীণ ফাইল আদান-প্রদানে এ System টি ব্যবহার করতে পারবে৷

**১০. সম্ভাব্য ঝুঁকি:** সিকিউরড লোকাল এরিয়া নেটওয়ার্ক এর আওতায় থাকায় এটির কোন ঝুঁকি নেই৷


উদ্ভাবক : জনাব মোহাম্মদ মনিরুজ্জামান মনির, প্রিন্সিপাল অফিসার

BDBL

শিল্প ঋণ ও বাণিজ্যিক ব্যাংকিং জগতে নতুন ধারা উন্মোচনে

আপনাদের পাশে

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড



## সঞ্চয় স্কীম সমূহ

- ডেভেলপমেন্ট ব্যাংক সঞ্চয় স্কীম (DBSS)
- শিক্ষা সঞ্চয় স্কীম (SSS)
- চিকিৎসা সঞ্চয় স্কীম (CSS)
- বিবাহ সঞ্চয় স্কীম (MSS)
- অবসর বিনিয়োগ স্কীম (ISR)
- মাসিক আয় স্কীম (MIS)
- ডাবল বেনিফিট স্কীম (DBS)
- জুনিয়র সেভিংস স্কীম (JSS)
- বিডিবিএল স্টুডেন্ট সেভিংস এ্যাকাউন্ট
- গ্রীন সেভিংস ডিপোজিট

## ঋণ স্কীম সমূহ

- মেয়াদি ঋণ
- এসএমই ঋণ (নারী উদ্যোক্তা) ও অন্যান্য
- ক্যাশ ক্রেডিট
- চলতি মূলধন ঋণ
- ব্যক্তিগত ঋণ
- গৃহ নির্মাণ পূর্ণায়ন ঋণ
- গৃহ নির্মাণ (আবাসিক/বাণিজ্যিক) ঋণ
- আমদানি ও রপ্তানি ঋণ

বিস্তারিত তথ্যের জন্য ব্যাংকের যে কোন ব্রাঞ্চ অফিসে যোগাযোগ করুন

BDBL

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

**BANGLADESH DEVELOPMENT BANK LIMITED**

A STATE-OWNED SPECIALIZED COMMERCIAL BANK

www.bdbl.com.bd